

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৮২

পর্ব ২১: খাদ্য (ইন্স্রহান্)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - পানীয় দ্রব্যের বর্ণনা

### আরবী

وَعَنِ الزُّهْرِيِّ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ أَحَبُّ الشَّرَابِ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَنِ النُّهْرِيِّ عَنِ النُّهْرِيِّ عَنِ النُّهْرِيِّ عَنِ النَّهْرِيِّ عَنِ النَّهْرِيِّ عَنِ النَّهْرِيِّ عَنِ النَّهْرِيِّ عَنِ النَّهْرِيِّ عَنِ النَّهْرِيِّ عَنِ النَّهِ وَسَلَّمَ مُرْسَلًا

### বাংলা

8২৮২-[২০] যুহরী (রহিমাহুল্লাহ) 'উরওয়াহ্ হতে বর্ণনা করেন। 'আয়িশাহ্ (রাঃ) বলেছেনঃ ঠাণ্ডা মিষ্টি পানি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে সর্বাধিক প্রিয় পানীয় ছিল। (তিরমিযী)[1]আর ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) বলেছেনঃ সহীহ ও নির্ভরযোগ্য কথা হলো, এ হাদীসটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে যুহরী কর্তৃক মুরসাল হিসেবেই বর্ণিত হয়েছে (অর্থাৎ- বর্ণনায় অন্য কোন সাহাবীর নাম উল্লেখ নেই)।

### ফুটনোট

[1] সহীহ: তিরমিয়ী ১৮৯৫, সিলসিলাতুস্ সহীহাহ্ ৩০০৬, মুসান্নাফ ইবনু আবৃ শায়বাহ্ ৪০/২, মুসনাদে আহমাদ ২৪১২৯, সুনানুন্ নাসায়ী আল কুবরা ৬৮৪৪, সহীহুল জামি' ৪৬২৭, সিলসিলাতুয্ য'ঈফাহ্ ২৮১৬-এর আলোচনা দ্রঃম মা'রিফাতুস্ সুনান ওয়াল আসার ৪৫৯৮, মুসান্নাফ 'আবদুর রায্যাক ১৯৫৮৩, মুসান্নাদ ইবনু আবৃ শায়বাহ্ ২৪১৯৯, মুসনাদে আবৃ ইয়া'লা ৪৫১৬, শু'আবুল ঈমান ৫৫৯২৮।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ মুল্লা 'আলী কারী (রহিমাহুল্লাহ) বলেনঃ (أَحَبُّ) অধিক প্রিয়। অর্থ সুস্বাদু, কেননা যমযমের পানি অধিক উত্তম। অনুরূপ তার নিকট দুধও প্রিয়। এ গুণগুলো 'আমভাবে বর্ণনা হয়েছে; এর মধ্যে অন্তর্ভুক্ত বিশুদ্ধ পানি, দুধ, মিশানো পানি বা অন্যান্য যেমন মধু, ভিজানো খেজুর, কিসমিস। কারও মতে, ঠাণ্ডা পানি প্রিয় ছিল বা এ বস্তুগুলো বিভিন্ন প্রেক্ষাপটে প্রিয়। (তুহফাতুল আহ্ওয়াযী ১৫শ খন্ড, হাঃ ১৮৮৫)



## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ইবনু শিহাব আয-যুহরী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন